

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২৯, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/ ২৬ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০৭.১৯.২০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স' নিম্নরূপে গঠন করেছে :

(ক) টাস্কফোর্সের গঠন :

- | | | | |
|-----|---|---|----------|
| (১) | অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ | : | আহ্বায়ক |
| (২) | উপসচিব (উন্নয়ন), জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর | : | সদস্য |
| (৪) | উপপ্রধান স্থপতি (সার্কেল-১), স্থাপত্য অধিদপ্তর | : | সদস্য |
| (৫) | উপপরিচালক (গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর | : | সদস্য |
| (৬) | প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি
(উপসচিব পদমর্যাদার নীচে নয়) | : | সদস্য |

(১৮১১)

মূল্য : টাকা ৪.০০

(খ) টাস্কফোর্সের কার্যপরিধি :

টাস্কফোর্স জেলা সদরে নিম্নোক্ত স্থাপনাসমূহ নির্মাণ/সম্প্রসারণ কাজের স্থান নির্বাচন প্রস্তাব অনুমোদন করবে:

- (১) জেলা প্রশাসকের কার্যালয় ও বাসভবন, ট্রেজারি ভবন, রেকর্ড রুম, সার্কিট হাউজ, সরকারি কর্মকর্তা কর্মচারীদের বাসভবন, ডরমিটরি ভবন;
 - (২) জেলা জজ, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও মহানগর দায়রা জজ আদালত ভবন ও বাসভবন;
 - (৩) পুলিশ সুপারের কার্যালয় ও বাসভবন;
 - (৪) সিভিল সার্জনের কার্যালয় ও বাসভবন;
 - (৫) গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীর কার্যালয় ও বাসভবন;
 - (৬) বিভাগীয় সদর দপ্তরে বিভাগীয় কমিশনারের কার্যালয় ও বাসভবন;
 - (৭) ডিআইজি-এর কার্যালয় ও বাসভবন;
 - (৮) জেলা সদরে কোর ভবনের অবকাঠামোগত মূল নকশা ও ডিজাইন অনুমোদন এবং অবকাঠামোগত কোনো পরিবর্তন সংক্রান্ত প্রস্তাব অনুমোদন;
 - (৯) বিভাগ/জেলা পর্যায়ের সরকারি স্থাপনার মান্ডারপ্ল্যান বা স্থাপত্য নকশায় প্রয়োজনীয় সংশোধন/সংযোজন/পরিবর্তন ও অনুমোদন; এবং
 - (১০) জাতীয় পরিবীক্ষণ কমিটির (এনএমসি) সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
- (গ) টাস্কফোর্সের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (ঘ) প্রয়োজনবোধে এ টাস্কফোর্স নতুন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে।
- (ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ টাস্কফোর্সের সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার ইসতিয়াক আহমেদ

উপসচিব

ফোন: ৯৫১১০৮১

email: ca_sec@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd